

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
<http://lddp.portal.gov.bd>



স্মারক নং- ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০.৫৮


তারিখ : ২৪/০৫/২০২১ইং।

অফিস আদেশ

লক্ষ্য করা যাচ্ছে যে, ইদানিং প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পে কর্মরত প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা এবং লাইভস্টক ফিল্ড এসিস্ট্যান্টগণের কেউ কেউ অফিসে অনিয়মিত উপস্থিতিসহ দাপ্তরিক দায়িত্ব পালনে অবহেলা করছেন। ফলে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে সমস্যা সৃষ্টিসহ দাপ্তরিক শৃংখলা নষ্ট হচ্ছে, যা সেবা সরবরাহ চুক্তির সুস্পষ্ট লংঘন। উর্ধ্বতন কর্তৃপক্ষের মাঠ পরিদর্শনে বিষয়টি গোচরীভূত হয়েছে। এ' ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে বেতন প্রদান স্থগিতকরণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য নিয়োগকারী প্রতিষ্ঠানকে অবহিত করা হবে।

এমতাবস্থায়, প্রকল্পে কর্মরত সকলকে WHO এবং বাংলাদেশ সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে নিজ কর্মস্থলে উপস্থিত থেকে দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি জরুরী।


28/05/2021
(মো: আব্দুর রহিম)


প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
ফোন : ০২-০৫৮১৫৪৯১৩।

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০.

তারিখ : ২৪/০৫/২০২১ইং।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
- ২। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সকল) - তদারকীর জন্য অনুরোধ করা হলো।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল) - স্থানীয়ভাবে তদারকীর জন্য অনুরোধ করা হলো।
- ৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)- অবশ্যই উপস্থিতি নিশ্চিত করবেন।
- ৬। মেসার্স পাথমার্ক এসোসিয়েটস লিমিটেড, ২১৪/ডি, লেভেল-৭, নাভানা ওসমান টাওয়ার, গুলশান-১, ঢাকা।
- ৭। চেয়ারম্যান, কৃষা সিকিউরিটি সার্ভিস লিঃ, ২৩/৩, পূর্ব মাদারটেক, হাশেম সুপার মার্কেট (২য় তলা), ঢাকা-১২১৪।
- ৮। অফিস কপি।


28/05/2021
(মো: আব্দুর রহিম)

প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
ই-মেইল: lddp@dls.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
<http://lddp.portal.gov.bd>



স্মারক নং- ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০.৫৭৯

তারিখ : ২৪/০৫/২০২১ইং।


বিষয় : "প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন" শীর্ষক প্রকল্পে কর্মরত প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা এবং লাইভস্টক ফিল্ড এসিস্ট্যান্টদের উপস্থিতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

এতদ্বারা উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাগণের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পে কর্মরত প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা এবং লাইভস্টক ফিল্ড এসিস্ট্যান্টদের নিয়মিত অফিসে উপস্থিতি নিয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় হতে সন্দেহ পোষণ করা হচ্ছে। বিষয়টি প্রকল্প কর্তৃপক্ষসহ প্রাণিসম্পদ অধিদপ্তরের জন্য বিব্রতকর। তাই ভবিষ্যতে প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা এবং লাইভস্টক ফিল্ড এসিস্ট্যান্টদের নিয়মিত অফিসে উপস্থিতি বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

এ' প্রেক্ষিতে বিগত ১৩/৪/২০২১ হতে ১২/৫/২০২১ পর্যন্ত প্রতিটি উপজেলায় কর্মরত প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা এবং লাইভস্টক ফিল্ড এসিস্ট্যান্টদের উপস্থিতির তথ্য নিম্নবর্ণিত ছক অনুযায়ী আগামী ৩১/৫/২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ছক

নাম	পদবী	মোট কর্ম দিবস	উপস্থিত (দিন)	ছুটি (দিন)	মন্তব্য
১.	এল.ই.ও	২০ দিন			
১.	এল,এফ.এ	(১৩/৪/২০২১ হতে ১২/৫/২০২১ পর্যন্ত)			
২.					


২৪/০৫/২০২১
(মো: আব্দুর রহিম)

প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
ফোন : ০২-০৫৮১৫৪৯১৩।

তারিখ : ২৪/০৫/২০২১ইং।

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮২৮.০৭.০০১.২০.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।


২। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর (সকল) -----।

৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল) -----।

✓ ৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (সকল)- -----।

৬। অফিস কপি।


২৪/০৫/২০২১
(মো: আব্দুর রহিম)

প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)

ই-মেইল: lddp@dls.gov.bd